



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EIIN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭
e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 0921-63427



তারিখ : ১৪/১০/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০১৯-২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় একাদশ শ্রেণির নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা এবং শিক্ষার্থীর তালিকা HSP MIS এ অন্তর্ভুক্তির জন্য উপজেলা শিক্ষা অফিস হতে প্রেরিত ডাচবাংলা ব্যাংক এর সম্মতিক্রমে নিম্নোক্ত সূচী অনুসারে কলেজে হিসাব খোলা হবে। তবে পিতা/মাতা/অভিভাবকের নামে মোবাইল ব্যাংকিং হিসাব খোলা থাকলে তা শিক্ষার্থীর নামে এন্ট্রি করে ব্যবহার করা যাবে। যাদের কোন হিসাব নম্বর নাই তাদের অভিভাবকসহ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের মূল কপি, এর ফটোকপি, এক কপি ছবি এবং একটি সীম নিয়ে কলেজে আসতে হবে। হিসাব নম্বর এবং বৃত্তির ফরম (কলেজ ওয়েবসাইট : <https://kgc.ac.bd/forms/> পাওয়া যাবে) পূরণ করে সংযুক্তিসহ আগামী ২৫/১০/২০২০খ্রি. এর মধ্যে কলেজে এসে জমা দিতে হবে।


সূচী:

তারিখ	রোল রেঞ্জ	সংখ্যা
১৭/১০/২০২০	১৪ থেকে ৩১৫	১১৬ জন
১৮/১০/২০২০	৩১৬ থেকে ৬৩০	১১৬ জন
১৯/১০/২০২০	৬৩২ থেকে ১১৪৫	১১৬ জন
২১/১০/২০২০	১১৪৬ থেকে ১৬৫৪	১১৬ জন
২২/১০/২০২০	১৬৫৫ থেকে ২০৩৯	১১৮ জন

- সংযুক্তি: ১। পূরণকৃত উপবৃত্তি ফরম। (কলেজ ওয়েবসাইট : <https://kgc.ac.bd/forms/> পাওয়া যাবে)।
২। পিতা, মাতা ও অভিভাবক এর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
৩। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন এর ফটোকপি।

- স্বাস্থ্যবিধি মেনে, সামাজিক দূরত্ব বজায় রেখে এ কার্যক্রমে অংশ নিতে হবে।
- মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- নির্ধারিত তারিখেই তালিকাভুক্ত শিক্ষার্থীদের আসতে হবে। এক তারিখে তালিকাভুক্ত শিক্ষার্থী অন্য তারিখে আসতে পারবে না।
- একজন শিক্ষার্থীর সাথে শুধুমাত্র একজন বৈধ অভিভাবক তাঁর জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ উপস্থিত থাকতে হবে।

বিদ্র: নির্ধারিত দিনে নির্ধারিত রোলরেঞ্জ এর বাইরে কারো একাউন্ট করা হবে না। নির্ধারিত দিনে অনুপস্থিত থাকা ও ফরমের কোন অংশ অসম্পূর্ণ থাকার কারণে উপবৃত্তি না পেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


অধ্যক্ষ ২৪/১০/২০২০
কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল।